



স্মারক নং- ৭জি-২৯(ক-৩)/২০১১/২০৪৭/২

তারিখ: ২১/১০/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন আব্দুল্লাহ আল মাহমুদ মেমোরিয়াল ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র: সোনালী ব্যাংক লিমিটেড, সিরাজগঞ্জ শাখা, সিরাজগঞ্জ এর পত্র নং- ১৫০৫; তারিখ: ১৪/১০/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন আব্দুল্লাহ আল মাহমুদ ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ বদিয়র রহমান গত ০৯/০৯/২০২০খ্রি. তারিখে চাকরির বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ করে অবসরে গিয়েছেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পত্র নং-INS02-5/00160/2016/2208/৪৮৩৮৭; তারিখ: ২৬/০৮/২০২০খ্রি. মোতাবেক ইতিহাস বিভাগের শিক্ষক মোঃ বদিয়র রহমানের চাকুরীর মেয়াদ ০১ বছর বৃদ্ধি করায় উক্ত কলেজের গভর্নিং বডি'র গত ২৯/০৮/২০২০খ্রি. তারিখের অধিবেশনের সিদ্ধান্ত অনুযায়ী তাকে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন বিলের সাথে গভর্নিং বডি'র সভাপতি কর্তৃক তাকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে নিয়োগ প্রদান ও বেতন ভাতাদিসহ যাবতীয় অর্থনৈতিক কার্যক্রম পরিচালনার ক্ষমতা প্রদান করা হয়।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষকদের চাকরির শর্তাবলী রেগুলেশন ২০১৯ ধারা এর (ক) এবং শিক্ষা মন্ত্রণালয়ের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১১.৬ ধারা মোতাবেক চাকরির মেয়াদ ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই চাকরির মেয়াদ বৃদ্ধির সুযোগ না থাকায় জনাব মোঃ বদিয়র রহমান এর স্বাক্ষর শিক্ষক/কর্মচারীর বেতন ভাতার বিল পাশ না করার জন্য উক্ত কলেজের উপাধ্যক্ষ ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি. প্রধান শাখা, সিরাজগঞ্জ কে পত্র প্রেরণ করেন। উক্ত পত্রের প্রেক্ষিতে সোনালী ব্যাংক লি. সিরাজগঞ্জ শাখা, সিরাজগঞ্জ এর এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার উদয় কুমার দত্ত ব্যাংক কর্তৃক শিক্ষক কর্মচারীর বেতন বিলটি জমা করা হলে কোন আইনগত জটিলতা সৃষ্টি হবে কিনা সে বিষয়ে মতামতসহ দিক নির্দেশনা চেয়ে পত্র প্রেরণ করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, ০৬/০৬/২০১১খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, ০৯/০৭/২০১২খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক কোন কলেজে অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো- ২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক বর্ণিত কলেজের উপাধ্যক্ষ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

অতএব, বিষয়টি প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে অবহিত করা হলো।

২১/১০/২০২০

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-college@dshe.gov.bd

১। সভাপতি  
পরিচালনা পরিষদ  
আব্দুল্লাহ আল মাহমুদ ডিগ্রি কলেজ, সদর, সিরাজগঞ্জ

২। উপাধ্যক্ষ  
আব্দুল্লাহ আল মাহমুদ ডিগ্রি কলেজ, সদর, সিরাজগঞ্জ

অনুলিপি:

১। এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, সিরাজগঞ্জ শাখা, সিরাজগঞ্জ  
২। সংরক্ষণ নথি।